# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০৭

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যেই হাদীস হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের পূর্বে উল্লেখিত হাদীসসমূহের বিপরীত

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صناعة الحديث أنه مضاد للأخبار التي ذكرناها

আরবী

1307 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ أَسْمَاءَ ابْنُ أَخِي جُوَيْرِيَةَ قَالَ: حَدَّثَنَا جُوَيْرِيَةُ عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ عَنْ عَمَّارٍ قَالَ: تَيَمَّمْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم إلى المناكب.
الراوي : عَمَّار | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1307 | خلاصة حكم المحدث: صحيح.
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: كَانَ هذا حيث نزل أنه التَّيَمُّمِ قَبْلَ تَعْلِيمِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَمَّارًا كَيْفِيَّةَ التَّيَمُّمِ ثُمَّ علَّمه ضَرْبَةً وَاحِدَةً لِلْوَجْهِ وَالْكَفَّيْنِ لَمَّا سَأَلَ عَمَّارٌ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ التَّيَمُّمِ.

বাংলা

১৩০৭. আম্মার  রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে ঘাড় পর্যন্ত তায়াম্মুম করতাম।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আম্মার  রাদ্বিয়াল্লাহু আনহু এভাবে করেছেন যখন তায়াম্মুমের আয়াত নাযিল হয় কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তায়াম্মুম কিভাবে করতে হয়, তা তখনও শিক্ষা দেননি অতঃপর তিনি যখন রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তায়াম্মুম করা সম্পর্কে জিজ্ঞেস করেন, তখন তিনি তাকে তায়াম্মুম করা শিক্ষা দেন যে, এটি হলো মুখমন্ডল ও হাতের কব্জি পর্যন্ত মাসেহ করার জন্য একবার হাত জমিনে একবার মারা।”

## ফুটনোট

[1] নাসাঈ: ১/১৬৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১১০; সুনান বাইহাকী: ১/২০৮; মুসনাদ ইমাম শাফেঈ: ১/৪৪; ইবনু মাজাহ: ৫৬৬; আত তায়ালিসী: ১/৬৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮২৭; মুসনাদ আহমাদ: ৪/৩২১; আবূ দাঊদ: ৩২০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90621

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন